**বি.এ. (সাম্মানিক)/বি.মিউজ (সাম্মানিক) পরীক্ষা ২০১৬**
**সাধারণ বাংলা**
**সেমেস্টার : ১ কোর্স : ১**

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১। যে-কোনো **একটি** লেখো : ১০

(ক) **ভাবসম্প্রসারণ করো :**

বৈরাগ্যসাধনে মুক্তি, সে আমার নয়।
অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।

(খ) **ভাবার্থ লেখো :** ১০

এ দুর্ভাগ্য দেশ হতে, হে মঙ্গলময়,
দূর করে দাও তুমি সর্ব তুচ্ছ ভয় —
লোকভয়, রাজভয়, মৃত্যুভয় আর।
দীনপ্রাণ দুর্বলের এ পাষাণভার,
এই চিরপেষণযন্ত্রণা, ধূলিতলে
এই নিত্য অবনতি, দণ্ডে পলে পলে
এই আত্ম-অবমান, অন্তরে বাহিরে
এই দাসত্বের রজ্জু, ত্রস্ত নতশিরে
সহস্রের পদপ্রান্ততলে বারম্বার
মনুষ্যমর্যাদাগর্ব চিরপরিহার —
এ বৃহৎ লজ্জারাশি চরণ-আঘাতে
চূর্ণ করি দূর করো। মঙ্গলপ্রভাতে
মস্তক তুলিতে দাও অনন্ত আকাশে
উদার আলোক-মাঝে, উন্মুক্ত বাতাসে॥

(গ) **সংক্ষিপ্তসার লেখো :** ১০

হে ভারত, ভুলিও না—নানা জাতি, মূর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই, হে বীর, সাহস অবলম্বন কর, সদর্পে বল—আমি ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, অজ্ঞান ভারতবাসী আমার ভাই, ভারতবাসী আমার প্রাণ, ভারতের দেবদেবী আমার ঈশ্বর, ভারতের সমাজ আমার শিশুশয্যা, যৌবনের উপবন, আমার বার্ধক্যের বারাণসী, বল ভাই,— ভারতের মৃত্তিকা আমার স্বর্গ, ভারতের কল্যাণ আমার কল্যাণ, আর বল দিনরাত, হে জগদম্বে আমায় মনুষ্যত্ব দাও, মা, আমার দুর্বলতা, কাপুরুষতা দূর কর, আমায় মানুষ কর।

২। পত্ররচনা করো (যে-কোনো **একটি**) : ১০

(ক) কয়েকদিন আগে তোমরা কয়েকজন বন্ধু মিলে বনভোজন করেছ। তার বিবরণ দিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো।

(খ) এলাকায় জলনিকাশের সুষ্ঠু ব্যবস্থা চেয়ে পৌরপ্রধানের কাছে একটি পত্র লেখো। ১০

(গ) একটি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাকে চাকরির আবেদন জানিয়ে চিঠি লেখো। ১০

৩। প্রবন্ধ রচনা করো ((যে-কোনো **একটি**) : ২০

(ক) বিশ্বউষ্ণায়নের প্রেক্ষিতে বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা (খ) তোমার রবীন্দ্রনাথ

(গ) জনমত গঠনে সংবাদপত্রের ভূমিকা (ঘ) বাংলার উৎসব

---